

# সূত্র

প্রিন্ট: ০৪ ফেব্রুয়ারি ২০২৫, ১১:৫৮ এএম

শিক্ষাঙ্গন

## ফেব্রুয়ারির মধ্যে রাকসু নির্বাচনের তফশিল ও রোডম্যাপ ঘোষণার দাবি



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০৪ ফেব্রুয়ারি ২০২৫, ০৪:৩৩ এএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের তফশিল ও রোডম্যাপ ঘোষণার দাবি জানিয়েছে 'রাকসু আন্দোলন মঞ্চ'। সোমবার বিশ্ববিদ্যালয়ের পরিবহণ মার্কেটে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনটির সদস্য সচিব আমানুল্লাহ খান আমান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গত ৫ সেপ্টেম্বর দায়িত্ব নেওয়ার পর তিনি বিভিন্ন সময়ে ৫-৬ মাসের মধ্যে রাকসু নির্বাচন দেওয়ার কথা জানান। তার ঘোষিত সময় অনুযায়ী ফেব্রুয়ারির মধ্যে রাকসুর তফশিল ঘোষণার জন্য আমরা রাকসু আন্দোলন মঞ্চ থেকে জোর দাবি জানাচ্ছি।

আমানুল্লাহ খান আরও বলেন, ছাত্রলীগ বিভিন্ন হল দখল করে শিক্ষার্থীদের নির্যাতনের যে নজির তৈরি করেছিল এবং শিক্ষার্থীরা যে জুলুমের শিকার হয়েছিল সে সংস্কৃতিতে ফেরত যেতে চাই না। ফলে ভবিষ্যৎ কোনো অশুভ শক্তি যারা শিক্ষার্থীদের নিপীড়ন করার অধিকার চায় তাদের ঠেকিয়ে দিতে হলে শুভ শক্তিসম্পন্ন শিক্ষার্থীদের নির্বাচিত ছাত্র প্রতিনিধিদের সামনে হাজির করতে হবে। যারা নিয়মতান্ত্রিকভাবে শিক্ষার্থীদের দাবি-দাওয়া পূরণে প্রশাসনের সঙ্গে সমন্বয় করতে পারবে। একইসঙ্গে শিক্ষার্থীদের ওপর কোনো অশুভ শক্তি জুলুম-নিপীড়ন করতে চাইলে দায়বদ্ধ নির্বাচিত ছাত্র প্রতিনিধিরা ঢাল হিসেবে দাঁড়িয়ে যাবে।

রাকসু কার্যকর হওয়া পর্যন্ত বিভিন্ন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়ে আমানুল্লাহ খান বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর তরুণদের নেতৃত্ব বিকাশের সুযোগ তৈরি হয়েছে। ফলে রাষ্ট্র পরিচালনায় তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করতে ছাত্র সংসদ জোরালো ভূমিকা পালন করবে। আগামী শুক্রবার আমরা বুদ্ধিজীবী চত্বরে রাকসু বিষয়ক একটি কর্মশালা আয়োজন করব। এর আগে আমরা প্রতিটি হলের প্রত্যেক কক্ষে রাকসুর তথ্য সম্বলিত লিফলেট বিতরণ করব। এভাবে পর্যায়ক্রমে আমরা রাকসুর দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করব।

দলীয় সরকার ক্ষমতায় আসলে রাকসু কার্যকর হওয়ার শঙ্কা প্রকাশ করে আইন ও ভূমি প্রশাসন বিভাগের শিক্ষার্থী কামরুল হাসান সংবাদ সম্মেলনে বলেন, বিগত দিনে আমরা দেখেছি শিক্ষার্থীদের দাবি থাকলেও ক্ষমতাসীন দল রাকসু কার্যকরের বিপক্ষে ছিল। ইতোমধ্যে রাষ্ট্রীয়

পর্যায়েও বিভিন্ন দলের মধ্যে ক্ষমতা নিয়ে দ্বন্দ্ব লক্ষ্য করা যাচ্ছে। কোনোভাবে নির্বাচন হয়ে গেলে আমরা নিশ্চিত আর কোনো দিন রাকসু কার্যকর করা সম্ভব হবে না। অতএব রাকসু কার্যকর করার এখনই সঠিক সময়।

উল্লেখ্য, ২০১৭ সালের ১৩ ডিসেম্বরে রাকসু আন্দোলন মঞ্চ নামের সংগঠনটি গঠিত হয়। সংগঠনটি রাকসু নির্বাচনের দাবিতে মানববন্ধন, লিফলেট বিতরণ ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে।